সমকাল

তারিখ 22-DEC 2013
পৃঃ ১৬ কঃ ৪

# ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতিও গ্রেফতার

■ সমকাল প্রতিবেদক

ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি বজলুল করিম চৌধুরী আবেদকে রাজধানীর এলিফ্যান্ট রোড থেকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গতকাল শনিবার দুপুরে গ্রেফতারের পর তাকে মিন্টো রোডের ডিবি কার্যালয়ে নেওয়া হয়। এ সময় তার সঙ্গে তিতুমীর কলেজ ছাত্রদলের সহসভাপতি বেলায়েত হোসেনকেও গ্রেফতার করা হয় বলে জানিয়েছে পুলিশ। এদিকে এক বিবৃতিতে আবেদকে গ্রেফতারের ঘটনায় নিন্দা জানিয়েছে ছাত্রদল।

ঢাকা মহানগর পুলিশের গণমাধ্যম ■ পৃষ্ঠা ১০ : কলাম ৬

## ছাত্রদলের ভারপ্রাপ্ত

[শেষ পৃষ্ঠার পর]

ও জনসংযোগ শাখার উপ-কমিশনার মাসুদুর রহমান এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তবে কী অভিযোগে তাদের গ্রেফতার করা হয়, তা তাৎক্ষণিকভাবে জানাতে চাননি তিনি।

ছাত্রদল নেতাকর্মীরা জানান, দুপুর আড়াইটার দিকে এলিফ্যান্ট রোডের মাল্টিপ্ল্যান মার্কেটের সামনে থেকে একটি মিছিল বের করার প্রস্তুতি চলছিল। এ সময় আবেদকে গ্রেফতার করে পুলিশ। এর আগে ছাত্রদল সভাপতি আবদুল কাদের ভূঁইয়া জুয়েলকে ৬ ডিসেম্বর গ্রেফতার করা হয়। তখন থেকে আবেদ ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব পালন করছিলেন। এর আগে ৫ ডিসেম্বর গ্রেফতার হন সংগঠনটির সাধারণ সম্পাদক হাবিবুর রশীদ।

ছাত্রদলের নিন্দা ও প্রতিবাদ : বজলুল করিম চৌধুরী আবেদকে গ্রেফতার করায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি সাইফুল ইসলাম ফিরোজ ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ওবায়দুল হক নাসির। এক বিবৃতিতে তারা বলেন, গ্রেফতার করে কখনও গণতান্ত্রিক আন্দোলন থামানো যায় না। ছাত্রদল ঐক্যবদ্ধভাবে কেন্দ্র থেকে মাঠপর্যায়ে তীব্র আন্দোলন গড়ে তুলে তাদের মুক্তিকে ত্বরান্বিত করবে।